

OME, website

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শাখা-১
বাংলাদেশ সচিবালয়
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৫৫.৩৩.০০১.২২-৬৪

তারিখঃ ১৯ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
০৩ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ইবতেদায়ি মৌলভী (পূর্বের জুনিয়র মৌলভী) ও ইবতেদায়ি শিক্ষক [পূর্বের জুনিয়র শিক্ষক (সাধারণ)] পদনাম পরিবর্তনের বিষয়ে স্পষ্টীকরণ।

**সূত্রঃ (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০১.২৬.০০১.১৬.২৩৬, তারিখঃ ২৫/০৭/২০২২ খ্রিঃ।
(২) এনটিআরসিএ'র স্মারক নং- ৩৭.০৫.০০০০.০০১.২১.০০২.২১, তারিখঃ ২৫/০৭/২০২২ খ্রিঃ।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন মাদ্রাসা পর্যায়ে শিক্ষকদের এমপিওভুক্তির লক্ষ্যে “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮”-এর ‘পরিশিষ্ট-ঘ’ এর ৩২ ও ৩৩ অনুচ্ছেদে উল্লিখিত ইবতেদায়ি স্তরের দুটি পদের নাম “বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২০ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত)”-এ নিম্নোক্ত ছক মোতাবেক নামকরণ করা হয়েছে:

ক্র. নং	বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ অনুযায়ী পদ নাম	বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২০ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) অনুযায়ী পদ নাম	উভয় নীতিমালা অনুযায়ী বেতন গ্রেড	মন্তব্য
১.	জুনিয়র মৌলভী	ইবতেদায়ি মৌলভী	১৬	পদটির নতুন নামকরণ করা হয়েছে।
২.	জুনিয়র শিক্ষক (সাধারণ)	ইবতেদায়ি শিক্ষক	১৬	পদটির নতুন নামকরণ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২০ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত)-এ ইবতেদায়ি মৌলভী ও ইবতেদায়ি শিক্ষক নামে নতুন পদ সৃষ্টি করা হয়নি বরং পূর্বের জুনিয়র মৌলভী এবং জুনিয়র শিক্ষক (সাধারণ) পদের নতুন নামকরণ করা হয়েছে মর্মে বিষয়টি স্পষ্টীকরণ করা হলো। এ স্পষ্টীকরণের প্রেক্ষিতে পূর্বের নীতিমালার আওতায় নিবন্ধিত জুনিয়র মৌলভী ও জুনিয়র শিক্ষক (সাধারণ) পদনামধারী শিক্ষকদের ক্ষেত্রেও রিকুইজিশন প্রেরণের সুযোগ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩/৮/২০২২
(সুলতানা আক্তার)
উপসচিব

☎: ৫৫১০১১২৭

ইমেইল: dsmad1@tmed.gov.bd

চেয়ারম্যান

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
নায়েম, ধানমন্ডি, ঢাকা।

অনুলিপিঃ

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলী রোড, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।